



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

২৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

পবিত্র আশুরা উপলক্ষে উপলক্ষে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের বাণী

মুহররম'র পবিত্র মাসের মধ্য দিয়ে হিজরী ১৪৩৯ এর যাত্রা। এ মাসটি নানা ঘটনার কারণে সমৃদ্ধ। নবীর প্রতি আস্থা ও আনুগত্য এতটাই প্রবল ছিল যে, সাহাবায়ে কেবল তাঁর নির্দেশে প্রিয় মাতৃভূমি ত্যাগ করতেও বিন্দুমাত্র কুণ্ঠিত হন নি। এ মাসের ১০ তারিখ আশুরা দিবস। পবিত্র আশুরা উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাণী দিয়েছেন। বাণীতে মেয়র বলেন, মুসলিম জাতির ইতিহাস ও ঐতিহ্যের বিভিন্ন স্মরণীয় ঘটনা এই তারিখেই সংঘটিত হয়েছে। আসমান জমীন, আরশ-কুরসী, লওহ, কলম, চন্দ্র সূর্য, বেহেশতকে আল্লাহতাআলা এদিনেই সৃষ্টি করেন। নৈকট্যবান ফেরেশতাদেরকেও এ তারিখে সৃষ্টি করা হয়। এভাবে নবী রাসূলগণের জীবনের বড় বড় ঘটনাবলী আশুরা দিবসেই সংগঠিত হয়। তন্মধ্যে হযরত আদম (আ:)র তাওবা কবুল, মহাপ্লাবন থেকে নূহ (আ:)র সঙ্গীসহ মুক্তি লাভ, হযরত ইব্রাহীম (আ:)র শুভ জন্ম ও নমরুদের দেয়া অগ্নিকুন্ড পুষ্পকাননে পরিনত হওয়া, ফির'আউনের কবল থেকে হযরত মুসা (আ:)র মুক্তিলাভ, রহমতের বৃষ্টি প্রথম অবতীর্ণ হওয়া ইত্যাদি। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, ৬১ হিজরীর এই দিনেই কারবালার ময়দানে মহানবী (সা:) এর প্রিয় দৌহিত্র ফাতেমার দুলাল ইমাম হোসাইন (রা:) ইসলামের মৌলিকত্ব রক্ষার জন্য ইয়াজিদ বাহিনীর নৃশংসতম নির্যাতনে শাহাদত বরণ করেন। ধর্মপ্রাণ মুসলমানদের সবচেয়ে হৃদয়বিদারক অতি করুণতম বিষাদময় স্মৃতি কাতর দিন পবিত্র আশুরার দিন। তিনি বলেন, এমন পৈশাচিক নিষ্ঠুরতার বলী হবার নজীর পৃথিবীতে আর নেই। আশুরা পবিত্রতা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করেন মেয়র।

২৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

### বিজয়া দশমীতে মাননীয় মেয়রের বাণী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সনাতন ধর্মাম্বলীদের বিজয়া দশমী উদযাপনে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এক বার্তায় বলেন, অত্যন্ত আনন্দ, ভালোবাসা ও সম্প্রীতিতে আমরা এ উৎসবটি পালন করছি। এ উৎসব পালনে সর্ব ধর্মের মানুষের সম্পৃক্ততা আমাদেরকে সাম্প্রদায়িক সম্প্রীতির নতুন চেতনা জাগিয়ে দিয়েছে। তাই সবাইকে শুভ বিজয়ার শুভেচ্ছা, সম্প্রীতিময় ভালোবাসা। আমরা চাই বিশ্ব শান্তি, নিরাপত্তায় সৃষ্টিকর্তার কাছ থেকে আশির্বাদ গ্রহণ করে সামনের দিকে এগিয়ে যাব। এই প্রত্যাশায় আমাদের এ উৎসব আত্ম জিজ্ঞাসার প্রতীক হোক।

২৯ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র রোগ থেকে আরোগ্য লাভে  
খতমে কোরআন, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

যুক্তরাষ্ট্রে সফরকালে গত ২৬ জুলাই ভোরে গল্লাডারের অপারেশন হয় বাংলাদেশ আওয়ামীলীগের সভানেত্রী ও মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন মানবতার বাতি ঘর জননেত্রী শেখ হাসিনার। তাঁর রোগ থেকে আরোগ্য কামনায় ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. বুধবার, সকালে মেয়র বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর আয়োজনে খতমে কোরআন, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মোনাজাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, সালেহ আহমদ চৌধুরী, মো. সলিম উল্লাহ বাচ্চু, মো. আযম, সাহেদ ইকবাল বাবু চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ ওমর ফারুক, চট্টগ্রাম প্রেসক্লাবের যুগ্ম

সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, প্রধান স্থপতি একে এম রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নূরুল আলম সহ চসিক এর কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। মোনাজাতে জননেত্রী শেখ হাসিনার দির্ঘায়ু, সু^াস্থ্য ও আশু আরোগ্য কামনা করা হয়।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা